গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর
ডিডিএলজি এর গোপনীয় শাখা
www.dcfaridpur.gov.bd

ইউনিয়ন পরিষদ পরিদর্শন :

স্মারক নং ০৫.১২.২৯০০.০১০.৩৬.০২১.২৩-   তারিখঃ ১০/০৮/২০২৩ খ্রিঃ

বিষয়ঃ ফরিদপুর জেলার নগরকান্দা উপজেলাধীন ৩নং কোদালিয়া শহীদনগর ইউনিয়ন পরিষদ কার্যালয় পরিদর্শন প্রতিবেদন।

পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী	জনাব মোঃ ইয়াছিন কবীর, উপপরিচালক(ভারপ্রাপ্ত), স্থানীয় সরকার, ফরিদপুর।
পরিদর্শনের তারিখ ও সময়	১০/০৮/২০২৩ খ্রি: সময়, বেলা : ১.৩০ ঘটিকা

সফরসূচি অনুযায়ী অদ্য ১০/০৮/২০২৩ তারিখ ফরিদপুর জেলার নগরকান্দা উপজেলাধীন কোদালিয়া শহীদনগর ইউনিয়ন পরিষদ কার্যালয় পরিদর্শন করি। পরিদর্শন কালে ইউপি চেয়ারম্যান জনাব খোন্দকার জাকির হোসেন (নিলু), ইউপি সচিব জনাব মোঃ আজিজুল শেখ, ইউপি সদস্যবৃন্দ ও গ্রাম পুলিশগণ উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে অফিসের নিম্নবর্ণিত রেজিস্টার ও নথিপত্র পর্যালোচনা করা হয়।

১। ভৌগলিক অবস্থান: অত্র ইউনিয়ন পরিষদটি ফরিদপুর জেলা হতে প্রায় ৩০ কি:মি: দূরে অবস্থিত। এর আয়তন ১৪.৯২ বর্গ কি:মি:। এর সীমারেখা উত্তরে লস্করদিয়া ইউপি, দক্ষিনে চরযশোরদী ইউপি পূর্বে কাইচাইল ইউপি এবং পশ্চিমে পুরাপাড়া ইউপি অবস্থিত।

২। অফিস স্থাপনা সংক্রান্ত: ইউনিয়ন পরিষদটি ১৯৯৮ সালে কার্যক্রম শুরু করে। তবে ২০০১ তারিখে ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ করা হয়।

৩। পরিদর্শন সংক্রান্ত: পরিদর্শন রেজিস্টার যাচাই করে দেখা যায় সর্বশেষ গত ০৬/১০/২০২১ তারিখে জনাব মোহাম্মদ আসলাম মোল্লা, উপপরিচালক, স্থানীয় সরকার, ফরিদপুর ইউনিয়ন পরিষদটি পরিদর্শন করেন। পরিদর্শন প্রতিবেদনে প্রদানকৃত নির্দেশনাসমূহ বাস্তবায়ন করে বক্ষ্যমান জবাব সংশ্লিষ্ট কার্যালয়কে অবহিত করার জন্য চেয়ারম্যান, কোদালিয়া শহীদনগর ইউপি কে অনুরোধ করা হলো। পরিদর্শন প্রতিবেদন প্রাপ্তি পর নথিতে সংরক্ষণসহ পরিদর্শন রেজিস্টারের নির্দিষ্ট কলামে তা লিখে রাখার জন্য বলা হলো।

মন্তব্য : ১) পরিদর্শন প্রতিবেদন সংরক্ষণের জন্য একটি গার্ড ফাইল খোলার জন্য বলা হলো।
২) পরিদর্শন প্রতিবেদনের বক্ষমান/ব্রডশীট জবাব দেয়ার জন্য বলা হলো।
৩) বক্ষমান জবাব সংরক্ষেণের নিমিত্ত একটি রেজিস্টার খোলার জন্য বলা হলো।

৪। সভার মন্তব্য বহি : অফিসটিতে ইউনিয়ন পরিষদের সাধারণসভা ও বিশেষ সভার জন্য একটি মন্তব্য বহি ব্যবহার করা হচ্ছে। রেজিস্টারটি দেখলাম, এটি স্থানীয় বাজার হতে ক্রয়কৃত। রেজিস্টারটি গত ২৭/১২/২০২১ তারিখে খোলা হয়েছে। দেখা যায় গত ১৫/০৭/২০২৩ তারিখে সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় উপস্থিতি সন্তোষজনক। মাসিক সভা প্রতি মাসে হয় রেজুলেশন সংশ্লিষ্ট কাউকে দেয়া হয় না। সভার কার্যবিবরণী ওয়েবপোর্টালে আপলোড করা হয়নি। আইন শৃংখলা কমিটির কোন সভা হয় না, রেজুলশন হয় না।

মন্তব্য :১) মাসিক সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করতে হবে।
২) মাসিক সভার কার্যবিবরণী ডিডিএলজি বরারব পাঠাতে হবে।
৩) আইন শৃংখলা কমিটির সভা করে রেজুলেশন পাঠাতে হবে এবং ওয়েবপোর্টালে আপলোড করতে হবে।

৫। স্ট্যান্ডিং কমিটির সভার মন্তব্য বহি: ইউনিয়ন পরিষদে ১৩ টি স্ট্যান্ডিং কমিটির গঠন করা আছে। কমিটিগুলোর সভার জন্য পৃথক পৃথক মন্তব্য বহি রয়েছে। স্ট্যান্ডিং কমিটিগুলোর কার্যক্রম সচল নেই। নিয়মিতভাবে প্রতি দুইমাস আন্তর স্ট্যান্ডিং কমিটির সভা অনুষ্ঠিত হচ্ছে না। সভার রেজুলেশন ওয়েব পোর্টালে আপডেট হয় না এবং সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করা হয় না।

মন্তব্যঃ ১) নিয়মিতভাবে স্ট্যান্ডিং কমিটির সভা করতে হবে।
২) সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করতে হবে এবং সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করতে হবে।

৬। ক্যাশ বহি: এ ইউনিয়নে মোট ০৫ টি ব্যাংক হিসাব খাতের বিপরীতে মোট ০৫ টি ক্যাশবহি আছে।
(১) নিজেস্ব তহবিল হিসাব নং : (১) ২০২৬৩৩৩০০৯৯৬২, সোনালী ব্যাংক, নগরকান্দা শাখা স্থিতি- ২,৬৬,৩৫৮/-
ইউনিয়ন উন্নয়ন সহায়তা তহবিল (২)হিসাব নং:২০২৬৩০২০০১২০৯ সোনালী ব্যাংক, নগরকান্দা শাখা, স্থিতি -৭৬৭/-
(৩) এলজিএসপিহিসাব নং , ৩-: ম২০২৬৩৩৩০০২৮১৯, সোনালী ব্যাংক, স্থিতি ৯/১৫ টাকা। হিসাব (%১)ভূমি হস্তান্তর কর (৪) নং২০২৬৩৩৩০১০১৯৩, সোনালী ব্যাংক, নগরকান্দা শাখা, স্থিতি ২৩৮৩/- টাকা (৫) জন্ম মৃত্যু নিবন্ধন তহবিল হিসাব নং০২০০০০৪১৫৬০৫৬ , অগ্রনী ব্যাংক, নগরকান্দা শাখা, স্থিতি - নাই । ক্যাশ বহি যাচাই কালে দেখা যায় ব্যাংক স্থিতির সাথে মিল আছে।

মন্তব্যঃ (১) ১% খাতের ক্যাশ বহি অডিট-এ দেখা যায় ২০২২-২৩ অর্থ বছরে ৩,০১,০০০/- টাকা জমা হয় ১৩/০৪/২০২৩ তারিখে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা এবং ১৯/০৬/২০২৩ তারিখে ব্যয় দেখানো হয় ১,০১,০০০/- (এক লক্ষ এক হাজার) টাকা। কিন্তু কোন নথি মেনটেইন করা হয় নি। নোটশীটে কোন অনুমোদন নেই বা কোন পিআইসি নেই । চেয়ারম্যানের নামে টাকা তোলা হয়েছে। ওয়েব পোর্টালে কোন প্রতিবেদন নেই।
(২) সরকারি বিধি-বিধান অনুযায়ী ইউনিয়ন পরিষদের সকল লেনদেন ব্যাংকের মধ্যেমে সম্পন্ন করতে হবে।

৭। ভাউচার ফাইল : অত্র অফিসের ভাইচার ফাইলটি দেখলাম ২০২২-২০২৩ অর্থ বছরের ভাউচার সমূহ পৃষ্ঠাংকন করে নথিতে সংরক্ষণ করা হয়েছে। ভাউচার পরীক্ষান্তে দেখা যায় সরকারি নির্দেশনা অনুয়াযী ৫০০/- টাকার উর্দ্ধের ভাউচারের অর্থ পরিশোধের সময় রাজস্ব টিকিট লাগালো হয়নি।

মন্তব্যঃ ভাউচারে ক্রমিক নম্বর ও রাজস্ব টিকিট ব্যবহার করে ফাইলটি হালনাগাদ করতে হবে। ক্যাশবহি যথাযথভাবে সংরক্ষণসহ টাকা খরচ শেষে ভাউচারাদিও নথিতে সংরক্ষণের জন্য ইউপি সচিব কে নির্দেশনা প্রদান করা হলো।

৮। ত্রাণ কার্যক্রমঃ ভিজিএফ কর্মসূচির আওতায় ২০২২-২৩ অর্থ বছরে এ ইউনিয়ন পরিষদের জন্য ১ম ও ২য় কিস্তিতে ৭.৪৭ মে.টন চাউল বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দকৃত চাউল সর্বশেষ ১৯/০৬/২০২৩ তারিখে ১০ কেজি হারে ৩৭৪ টি পরিবারের মধ্যে বন্টন করা হয়েছে। ভিজিডি কর্মসূচির আওতায় চলতি অর্থ বছরে এ ইউনিয়নে মোট ১৮৫ জন সুবিধাভোগী নির্বাচন করা হয়েছে।

মন্তব্যঃ : ওয়েব পোর্টালে সুবিধাভোগীর তালিকা আপলোড করার জন্য ইউপি সচিব কে বলা হলো।

০৯। জন্ম নিবন্ধন রেজিস্টার : জন্ম নিবন্ধনের জন্য অনলাইন রেজিস্টার নির্ধারিত ফরমেটে ব্যবহার করা হচ্ছে। রেজিস্টার ও অনলাইন তথ্য অনুযায়ী দেখা যায় ১০/০৮/২০২৩ তারিখ পর্যন্ত ২৬৪৭০ জনের জন্ম নিবন্ধন ও জন্ম সনদ বিতরণ করা হয়েছে। বর্তমানে ইউনিয়নে অনলাইনে শতভাগ জন্ম নিবন্ধন ও সনদ বিতরণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। সরকারি নির্দেশনা মোতাবেক জন্ম নিবন্ধন ও সনদ সংশোধন ফি আদায় করা হচ্ছে। গত অর্থ বছরে আদায়কৃত ১৪৩৬৮৫/- টাকা এবং চলতি অর্থ বছরে আদায়কৃত ৩৫০০/- টাকা অনলাইনে সরকারি কোষাগারে জমা করা হয়েছে।

মন্তব্য: ১) ১০০% জন্ম নিবন্ধন করতে হবে। সরকারি ফি এর চেয়ে অতিরিক্ত টাকা আদায় না করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।
২) জন্ম মৃত্যু নিবন্ধন ট্যাস্কফোর্স কমিটির সভার রেজুলেশন ওয়েব পোর্টালে দিতে হবে।

১০। এ্যাসেসমেন্ট রেজিস্টার : রেজিস্টারটি দেখলাম। কর নির্ধারণের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ এ্যাসেসমেন্ট রেজিস্টারটি ব্যবহার করা হচ্ছে। ২০২২-২০২৩ অর্থ বছরে এ্যাসেসমেন্ট রেজিস্টারটি তৈরী করা হয়েছে। এ ইউনিয়নে খানার সংখ্যা ৪১৫৮ টি। গত অর্থ বছরের বাজেটে হোল্ডিং ট্যাক্স বাবদ দাবি করা হয়েছে ৬,০০,০০০/- টাকা এবং আদায় করা হয়েছে ৩০২৬৬০/- টাকা।

মন্তব্য: ১) ট্যাক্স আদায় বাড়াতে হবে এবং সঠিকভাবে হোল্ডিং ট্যাক্স নির্ধারণ পূর্বক ট্যাক্স ও ফি যথাসময়ে আদায়ের ব্যবস্থা গ্রহনের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কে বলা হলো।

২) বার্ষিক প্রতিবেদন হালনাগাদ করার জন্য বলা হলো।

১১। বাজেটঃ ইউনিয়ন পরিষদের ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট পর্যালোচনায় দেখা যায় বাজেটে মোট আয় ১৪১১৯৯২৩/- টাকা ও মোট ব্যয় ১৩৯৬৭৩২৩/- টাকা ধরা হয়েছে এবং ১৫২৬০০/- টাকা উদ্বৃত্ত দেখানো হয়েছে। বাজেটে চলতি অর্থ বছরে হোল্ডিং ট্যাক্স বাবদ ৭১০৫০০/- টাকার দাবি নির্ধারণ করা হয়েছে। এ যাবত ৩৪৫০০০/- টাকা আদায় করা হয়েছে।

মন্তব্যঃ সঠিকভাবে বাজেট নির্ধারণ ও তদানুয়ায়ী হোল্ডিং ট্যাক্স ও ফি আদায়ের ব্যবস্থা করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কে পরামর্শ দেয়া হলো। বাজেট প্রনয়নের পর তা সর্ব সাধারণের অবগতির জন্য ইউনিয়ন পরিষদের ওয়েব পোটালে আপলোড দেয়ার জন্য ইউপি চেয়ারম্যান কে অনুরোধ করা হলো। ট্যাক্স ও অন্যান্য ফি আদায়ে আরো তৎপর হওয়া বাঞ্চনীয়।

১২। ট্রেড লাইসেন্সঃ ট্রেড লাইসেন্স রেজিস্ট্রারটি দেখা হলো। ট্রেড লাইসেন্স প্রদান সংক্রান্ত রশিদ বহি অনুযায়ী ২০২৩-২০২৪ অর্থ বছরে ০২টি ট্রেড লাইসেন্স প্রদান করা হয়েছে এবং লাইসেন্স ফি বাবদ ৪৬০/- টাকা আদায় করা হয়েছে। আদায়কৃত টাকা ক্যাশ বহিতে এন্ট্রি করা হয়েছে।

মন্তব্যঃ : ট্রেড লাইসেন্স এর আদায়কৃত টাকা নির্ধারিত খাতে যথানিয়মে জমা প্রদান এবং ট্রেড লাইসেন্স এর তালিকা ওয়েব পোর্টালে আপলোড দিতে হবে।

১৩। বার্ষিক উন্নয়ন কার্যক্রম : ইউনিয়ন পরিষদে ২০২২-২০২৩ অর্থ বছরে এলজিএসপির আওতায় ১ম কিস্তিতে ৪০৪১৭৫/-টাকা বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দকৃত টাকা দ্বারা ০২টি প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা হয়েছে। বর্তমানে প্রকল্পের মেয়াদ শেষ হয়ে গিয়েছে।

মন্তব্যঃ : বাস্তবায়নকৃত ০২টি প্রকল্প ওয়েবপোর্টালে আপলোড করতে হবে।

১৪। জনসংখ্যা তথ্য সংক্রান্ত: এ ইউনিয়নে মোট জনসংখ্যা ১৫৮৩৯ জন (২০২১ সালের আদম শুমারি অনুযায়ী)। পুরুষ ৭৬২৮ জন, মহিলা ৭৮১১ জন, মোট খানার সংখ্যা ৪১৫৮ টি।

মন্তব্যঃ : জনসংখ্যা সংক্রান্ত তথ্য ইউনিয়ন ওয়েব পোর্টালে আপলোড করতে হবে।

১৫। শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত: এ ইউনিয়নে মাধ্যামিক বিদ্যালয় ০০ টি, নিম্নমাধ্যমিক বিদ্যালয় ০০ টি দাখিল মাদ্রাসা ০১টি, সরকারি প্রাথমিক বিদ্যালয় ০৬ টি, কেজি স্কুল ০০ টি, নুরানী ও হাফিজিয়া মাদ্রাসা ০০ টি।

মন্তব্যঃ : শিক্ষার হার বৃদ্ধির লক্ষে শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের উদ্যোগ গ্রহন করতে হবে। ছেলে মেয়েদের শিক্ষা প্রতিষ্ঠানে পাঠাতে উদ্বুদ্ধ করতে হবে। এ বিষয়ে কার্যকরী ভূমিকা পালনের জন্য ইউপি চেয়ারম্যান ও সদস্যগণকে বলা হলো।

১৬। উপকার ভাগী পরিবার সংক্রান্ত: সরকারিভাবে উপকারভোগী পারিবারের তথ্য সম্পর্কে জানতে চাওয়া হলে জানা যায় এ ইউনিয়নে বীর মুক্তিযোদ্ধা সম্মানী ভাতাভোগী ৫৯ জন, বয়স্ক ভাতাভোগী ৫০৬ জন, বিধবা/ স্বামী পরিত্যাক্ত ভাতাভোগী ২৩৬ জন, প্রতিবন্ধি ভাতাভোগী ২৬৪ জন, মার্তৃত্বকালীন ভাতাভোগী ৬৫ জন, এবং ভিজিডি ভাতাভোগী ১৮৫ জন।

মন্তব্যঃ :প্রকৃত উপকারভোগীগণ যাতে তালিকায় অর্ন্তভূক্ত হয় সে বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। সকল উপকারভোগীর তালিকা ওয়েব পোর্টালে আপলোড করতে হবে।